# আম্মির সফর

BANGLA

আশা নেহমিয়া
ছবি বরখা লোহিয়া



eklavya

# আম্মির সফর

আশা নেহমিয়া
বাংলা অনুবাদ শুদ্ধ ব্যানার্জী
ছবি বরখা লোহিয়া



eklavya



আম্মিকে ট্রেন ধরতে হবে। কিন্তু
তার দেরি হয়ে গেছে।

নিনা আর আবু আম্মিকে ব্যাগ
গোছাতে সাহায্য করছে।



"জলদি করো, নীলগুলো দিও, ওগুলো ভিজে গেলে অসুবিধে নেই," আম্মি বলে।



নিনা আর আবু নীলগুলো ঢুকিয়ে দিলো ব্যাগে, কারণ সেগুলো ভিজে গেলে অসুবিধে হবে না।





“রাতের জন্য আমার লালটা
দরকার,” আম্মি তাদের বলে।



খুঁজতে অনেক সময় লাগলো, তবে শেষপর্যন্ত রাতের জন্য লালটা ওরা প্যাক করে দিলো।



“রাতের খাবার লাল-সবুজ
ব্যাগটাতে আছে,” আম্মি বললো।





ওরা লাল আর সবুজ ব্যাগটা নিয়ে এলো।



"টিকিটটা ভুলে গেলে চলবে না!"
বলে আম্মি।

নিনা আর আবু টিকিট খুঁজে আম্মিকে দিলো।



বেরোবার সময় আম্মি দেখলো
তার নীল চটি আর লাল টর্চ
বাড়িতেই রয়ে গেছে।




“আমি ভেবেছিলাম টর্চ আর চটি আমরা প্যাক করে নিয়েছি!”

অবশেষে ট্রেন পাওয়া গেলো! আম্মির এখন রাতের খাবার খাওয়ার সময়।

কিন্তু এ কী! এটা তো ভুল ব্যাগ! কিন্তু যা আছে তাই আম্মি সবার সঙ্গে ভাগ করে খাচ্ছে।





অনেক নতুন মানুষের সাথে আলাপ হলো তার।
রাতের খাওয়াও ভালভাবে হয়ে গেলো।

এবার আম্মিকে টিকিট দেখাতে হবে।


“ম্যাডাম,” টিকিট পরীক্ষক বললেন, “এটা তো...





...কালকের চিড়িয়াখানা দেখার টিকিট!”

আম্মিকে আরেকটা টিকিট
কাটতে হলো।





পরের দিন নিনা আর আবুকেও নতুন টিকিট
কাটতে হলো। চিড়িয়াখানা দেখার জন্য!

আম্মির সফর
Ammir Safar

লেখক: আশা নেহমিয়া
বাংলা অনুবাদ: শুদ্ধ ব্যানার্জী
ছবি: বরখা লোহিয়া
ডিজাইন: কনক শশী
সম্পাদনা ও সংযোজনা: ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

'Amma's Journey' গল্পের বাংলা অনুবাদ যা ইংরেজিতে এবং হিন্দিতে ইংরেজিতে একলব্য দ্বারা প্রকাশিত।
Bangla translation of story 'Amma's Journey' published in English and Hindi by Eklavya.

কাহিনী: আশা নেহমিয়া, ডিসেম্বর 2022
অনুবাদ: একলব্য ফাউন্ডেশন, ফেব্রুয়ারী 2024
এই বইটি ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-SA) এর অধীনে পড়ে। এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - https://creativecommons.org/licenses/by-nc-sa/4.0/
মুল লেখক, চিত্রশিল্পী, প্রকাশকের নাম উল্লেখ করে, পরিবর্তনের বিষয় স্পষ্ট করে জানিয়ে, অনুরূপ লাইসেন্সের অধীনে কোন অপেশাদার উদ্দেশ্যে এই বইয়ের কপি করা, বিতরণ করা ও নাট্যরূপ দেওয়া বৈধ। এ ব্যতীত অন্য কোন কারণে প্রকাশকের মাধ্যমে লেখক ও চিত্রশিল্পীর সঙ্গে যোগাযোগ করা যাবে।

ছবি: বরখা লোহিয়া, ডিসেম্বর 2022

এই ছবিগুলি ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-ND) এর অধীনে পড়ে। এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/
মুল চিত্রশিল্পীর নাম উল্লেখ করে, অনুরূপ লাইসেন্সের অধীনে কোন অপেশাদার উদ্দেশ্যে এই অলঙ্করণের কপি করা ও বিতরণ করা বৈধ। এ ব্যতীত অন্য কোনো পরিবর্তন, যেমন মিক্সিং, রূপান্তর বা এই ছবির ওপর নির্ভর করে অন্য কিছু তৈরি করা ইত্যাদির জন্য প্রকাশকের মাধ্যমে  চিত্রশিল্পীর সঙ্গে যোগাযোগ করা যাবে।

প্রথম সংস্করন: ফেব্রুয়ারী 2024 / 1000 কপি
কাগজ: 100 gsm ম্যাপলিথো এবং 250 gsm এফবিবি (প্রচ্ছদ)
ISBN: 978-81-19771-72-1
মুল্য: ₹ 100.00

এইচ টি পারেখ ফাউন্ডেশন (H T Parekh Foundation) -এর আর্থিক সহায়তায় প্রকাশিত।

প্রকাশক:
**একলব্য ফাউন্ডেশন (Eklavya Foundation)**
জামনালাল বাজাজ পরিসর, জাটখেড়ী,
ভোপাল–462 026 (মপ্র)
ফোন: +917552977770-71-72
www.eklavya.in

সম্পাদনা ও সংযোজনা:
**ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)**
কৃষ্টি নেস্ট, ৩য় তল, ফ্ল্যাট নং – 302,
কালিপার্ক, রাজারহাট, 24 পরগনা (উ),
পশ্চিমবঙ্গ, কলকাতা – 700 136
ফোন: +917044705339

মুদ্রণ: আদর্শ প্রাইভেট লিমিটেড, ভোপাল; ফোন - +91 755 255 5442



আশা নেহমিয়া

আশা নেহমিয়া ছোটদের ছবি বই, চ্যাপটার বই, ছোটো গল্প ও রহস্য উপন্যাসের জনপ্রিয় লেখিকা। তার গল্পে রসিকতা ও অ্যাডভেঞ্চারের মিশ্রণ দেখা যায়। অন্য ধরনের রহস্য গল্প ছাড়াও আশা জীবনে বৈচিত্রের প্রয়োজনীয়তা, নারী পুরুষ সমতা ও পারিবারিক সহিংসতা কম করার বিষয়ে সাড়া জাগানো লেখা লিখেছেন।

আশার বিশ্বাস পড়ার শক্তি হলো সবচেয়ে বড়ো শক্তি এবং গল্পের মাধ্যমে সকলে এবং বিশেষত শিশুরা নতুন আইডিয়া ও সংস্কৃতির স্বাদ গ্রহণের সবচেয়ে ভালো সুযোগ পায়।



বরখা লোহিয়া

বরখা লোহিয়া একজন চিত্রশিল্পী, হরিয়ানার গুড়গাঁওতে থাকেন। নানা ধরনের গল্প, ছবির বই, নিবন্ধ এবং ট্যাটু নিয়ে কাজ করতে ভালবাসেন।

দিল্লি ও আশেপাশের জঙ্গলে ঘুরে ছবি তুলতে, স্কেচ করতে আর নানা জিনিস সংগ্রহ করতে বরখার ভালো লাগে।

আম্মিকে ট্রেন ধরতে হবে কিন্তু বেরোতে দেরি হয়ে গেছে। উনি তাই জিনিসপত্র গুছোবার কাজে নিনা ও আবুর সাহায্য চান। তাড়ার মুখে আম্মি গুছিয়ে কিছু বলতে পারছেন না। ফলে নিনা আর আবুর যা মাথায় এলো তাই তারা ব্যাগে ঢুকিয়ে দিলো। আম্মির সফর বেশ মজার হতে চলেছে।


dooবর় been
Read·Imagine·Explore
AN INITIATIVE OF H T PAREKH FOUNDATION

eklavya

মুল্য: ₹ 100.00

9 788119 771721